ইত্তেফাক

তারিখ 19/4/79
পৃষ্ঠা 1 কলাম 5

059

# আজ এসএসসি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

আজ (বৃহস্পতিবার) হইতে সারা দেশে চারিটি শিক্ষা বোর্ডের অধীনে এস,এস.সি. পরীক্ষা শুরু হইতেছে।

ঢাকা বোর্ডের ৯৩টি পরীক্ষা কেন্দ্রে মোট ৬১ হাজার ৫ শত ৬১ জন পরীক্ষার্থী অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হইয়াছে। ঢাকা নগরীর ২৮টি উপকেন্দ্রে মোট ৯ হাজার ৮ শত ২৬ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করিবে। বোর্ডের প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান হয়।

যশোর হইতে ইত্তেফাক-এর ভ্রাম্যমাণ রিপোর্টার জানান, যশোর বোর্ডের অধীনে ৪৪ হাজার ৪শত ৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে। তন্মধ্যে ৮ হাজার ৯ শত ৯৭ জন ছাত্রী রহিয়াছে। ছাত্র ছাত্রীদের পরীক্ষার জন্য ৮৯টি কেন্দ্র খোলা হইয়াছে। কেন্দ্রগুলির মধ্যে যশোরে ২৬টি, খুলনায় ১৯টি, কুষ্টিয়ায় ৮টি এবং পটুয়াখালীতে ৯টি রহিয়াছে।